

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ছাগলনাইয়া, ফেনী  
[www.chhagalnaiya.feni.gov.bd](http://www.chhagalnaiya.feni.gov.bd)

স্মারক নং- ০৫.২০.৩০২৮.০০১.১৬.০০৮.২২- ৬৭০

তারিখ : ১১/১২/২০২৩ খ্রি:

**"দোকান ভাড়ার পুনঃ বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ছাগলনাইয়া উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার একক কক্ষ অথবা ১ম ও ২য় তলা একসাথে ভাড়া প্রদানের নিমিত্ত একক ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিগণকে আগামী ১৩ নভেম্বর ২০২৩ খ্রি. হতে ১৯ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি, ছাগলনাইয়া, ফেনী এর অফিস হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহক্রমে নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**দোকান নম্বর অনুযায়ী জামানত ও মাসিক ভাড়ার বিবরণ নিম্নরূপঃ**

ক্রমিক নং	দোকান নম্বর	জামানত	মাসিক ভাড়া
০১	নীচতলা- ১, ৫	৩,৫০,০০০/-	৩,৫০০/-
	নীচতলা - ২, ৩, ৪, ৬	৩,০০,০০০/-	৩,০০০/-
০২	২য় তলা - ১, ২, ৩, ৪, ৫, ৬	২,০০,০০০/-	২,৫০০/-
০৩	নীচতলা ও ২য় তলার ১২ টি কক্ষ একত্রে (৪২০০ বর্গফুট)	৬,০০,০০০/-	প্রতি স্কয়ার ফিট ৪.৭৫ টাকা হারে।

**শর্তাবলীঃ**

- ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাগলনাইয়া, ফেনী হতে ২০০/- (দুইশত) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র সংগ্রহ ও জমা প্রদান করতে হবে।
- ২। আবেদনপত্রের সাথে জামানত হিসেবে ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ পে-অর্ডারের মাধ্যমে "উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ তহবিল" শিরোনামে জমা প্রদান করতে হবে। দোকান বরাদ্দ প্রাপ্তির পর কেউ দোকান নিতে অনাগ্রহ প্রকাশ করলে তা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৩। দোকান বরাদ্দের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৪। মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স থাকতে হবে। অন্যদের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ থাকতে হবে।
- ৫। যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান একক কক্ষ অথবা সম্পূর্ণ ভবন (১ম ও ২য় তলা) একসাথে ভাড়া গ্রহণের জন্য আবেদন করতে পারবে। একক কক্ষের ক্ষেত্রে আবেদনপত্রে অবশ্যই দোকান নম্বর উল্লেখ করতে হবে। ১ম ও ২য় তলার সকল কক্ষ একত্রে ভাড়ার ক্ষেত্রে উল্লিখিত জামানত ও স্কয়ার ফিট হিসেবে উল্লিখিত ভাড়ার হার সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যকর হবে।
- ৬। বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি দোকান বা ভবন অন্যের নিকট উপ-ভাড়া কিংবা বিক্রয় করতে পারবেন না।
- ৭। আবেদনপত্রে দোকানের ধরণ যেমন- ব্যাংক, বীমা, স্কুল-কলেজ, কসমেটিক্স, ফার্মেসী, গার্মেন্টস ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ৮। বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি দোকানের কোন প্রকার ক্ষতি সাধন করলে অথবা যথাসময়ে ভাড়া বা বিদ্যুৎ বিল পরিশোধ না করলে তা জামানত হতে কর্তন করা হবে।
- ৯। যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বরাদ্দপ্রাপ্ত কক্ষের নকশার কোন প্রকার অবকাঠামোগত পরিবর্তন কিংবা পরিবর্ধন করতে পারবেন না।
- ১০। কোন কক্ষ বা একসাথে সম্পূর্ণ ভবন ভাড়া গ্রহণের জন্য একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠান আগ্রহী থাকলে লটারীর মাধ্যমে ভাড়াটিয়া নির্ধারিত করা হবে।
- ১১। বিদ্যুৎ বিল ভাড়াটিয়া কর্তৃক পরিশোধ করতে হবে।
- ১২। একাধারে ০৬ (ছয়) মাসের ভাড়া/বিদ্যুৎ বিল বকেয়া রাখলে দোকানের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।
- ১৩। নির্ধারিত সময়ের পূর্বে বা পরে আবেদনপত্র গ্রহণ বা জমা প্রদান করা যাবে না।
- ১৪। 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন' রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

সাইফুল ইসলাম ক্মল  
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন' রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি  
ছাগলনাইয়া, ফেনী।

ফোন- ০৩৩২-২৭৮০০১

ইমেইল- [unochagalnaiya@mopa.govbd](mailto:unochagalnaiya@mopa.govbd)